ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



এবার সালমান খানের বাবাকে 'হুমকি' পৃঃ ৫



মেসিদের হতাশার ড্র পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৬৩ ● কলকাতা ● ০৯ আশ্বিন, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২৬ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বিধানসভা নির্বাচন;

## জম্মু-কাশ্মীরে দ্বিতীয় দফার ভোট শুরু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জম্মু ও কাশ্মীরে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণ শুরু হয়েছে। বুধবার (২৫ সেপ্টম্বর) স্থানীয় সময় সকাল ৭টায় ভোটগ্রহণ শুরু হয়েছে, যা চলবে বিকেল ৬টা পর্যন্ত। আজকের দ্বিতীয় দফার নির্বাচনে ছয়টি জেলার ২৬টি আসনে ভোটগ্রহণ হবে, যার বেশিরভাগই বিচ্ছিন্নতাবাদী অধ্যুষিত এলাকা। খবর ইন্ডিয়া ডটকম'র।

আসনগুলো হলো কাঙ্গন (এসটি), গান্ডারবাল, হজরতবাল, খানিয়ার, হাব্বাকাদল, লাল চক, চন্নাপোরা, জাদিবাল, ঈদগাহ, সেন্ট্রাল শালতেং, বুদগাম, বিয়ারওয়াহ, খানসাহেব, চর-ই-শরীফ, চাদুরা, গুলাবগড়, রিয়াসি, শ্রী মাতা বৈষ্ণো দেবী, কালাকোট - সুন্দরবানি, নওশেরা, রাজৌরি (এসটি), বুধল (এসটি), থান্নামান্ডি (এসটি), সুরনকোট (এসটি), পুঞ্চ হাভেলি এবং মেনধার (এসটি)।

প্রায় ২৬ লাখ ভোটার আজ ২৩৯ প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। আর আজ যে ২৬টি আসনে ভোট হচ্ছে তার মধ্যে ১৫টিই কাশ্মীরের।

মূলত এক দশক পরে জম্মু ও কাশ্মীরে আবারও বিধানসভা ভোট হচ্ছে। এবার জম্মু ও কাশ্মীরে তিন দফায় ভোটগ্রহণ হচ্ছে। ৯০টি বিধানসভা আসনের মধ্যে ১৮ সেপ্টেম্বর প্রথম দফায় ২৪টি আসনে ভোটগ্রহণ হয়। আজ দ্বিতীয় দফায় ২৬ আসনে ভোটগ্রহণ হচ্ছে এবং এরপর আগামী ১ অক্টোবর তৃতীয় তথা শেষ দফায় ৪০ আসনে ভোটগ্রহণ হবে।

## এক সাথে ত্রিফলা অভিযানের ডাক দিলেন

# বিরোধী দলনেতা শুভেন্দু



**বেবি চক্রবর্ত্তী : কলকাতা: নিউজ সারাদিন :** বুধবার হাজরায় বিজেপির সভামঞ্চে বক্তব্য রাখার সময় বিরোধী দলনেতা বলেন, "কলকাতা হাইকোর্ট নির্দেশ না দেওয়া পর্যন্ত কোনও সভা আমাদের করতে দেওয়া হয়নি এত বছরে। রাজনৈতিক কর্মসূচি পালনের জন্য পুলিশের কাছে অনুমতি চাইলে অনুমতি পাওয়া যায় না।কালীঘাট, লালবাজার, নবান্নে একসাথে ত্রিফলা অভিযানের প্রস্তাবে এদিন অনড় ছিলেন শুভেন্দু অধিকারী। দলের কাছে ত্রিফলা অভিযান করার প্রস্তাব দেন বিরোধী দলনেতা। তাঁর কথায়, তৃণমূল কংগ্রেস ভয় পেয়েছে। তারা জানে বিজেপিকে আটকাতে হবে। ২১ এর ভোটের পর থেকে ভোট পরবর্তী হিংসায় ক্ষত বিক্ষত হয়েছি আমরা। এই একমাত্র রাজ্যের বিধানসভা যেখানে লাইভ স্ট্রিমিং হয় না। সিপিআইএম এর মত আমরা ফিশ ফ্রাই খেয়ে আসিনি। নো সেটিং অপোজিশন আমরা। রাজ্যের পুলিশ নিয়ে এদিন অন্য সুরে ছিলেন শুভেন্দু। তিনি বলেন, পুলিশের নীচের তলা মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে নেই। পুলিশের নীচের তলার কর্মীরা আমাদের সব বলে।একইসঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়কে তীব্র কটাক্ষ করে শুভেন্দুর মন্তব্য, বিজেপি পদত্যাগ চাইছে আপনার। ব্রিগেড প্যারেড গ্রাউন্ড গেরুয়া করে বিজেপি মানুষের আশীর্বাদ নিয়ে ক্ষমতায় আসবে। আমাদের দুধে জল নেই। আমরা সকলকে এক করে ভোটে জিতব, আপনাকে হারাব। আরজি কর প্রসঙ্গে শুভেন্দুর মন্তব্য,আরজি কর মেডিক্যাল কলেজের বিচার হয়নি। জুনিয়র ডাক্তারদের আন্দোলনের পাশে বিজেপি সবসময় আছে ছিল, থাকবে। আজও আছে বিজেপি চিকিৎসকদের সঙ্গে।

## রানাঘাটের কামালপুরে ১১২ ফুটের প্রতিমা,

## দূর্গা পূজো নিয়ে বড় সংশয়



**নদীয়া: নিউজ সারাদিন :** রানাঘাটের কামালপুর অভিযান সংঘের পুজোর প্রতিমা এবার ১১২ ফুট। হাইকোর্টে অনুমতি চায় রানাঘাটের 'উঁচু' প্রতিমা বানানোর পুজো কমিটি। ১১২ ফুটের প্রতিমা পুজোর ভবিষ্যৎ সংশয়ে। নদীয়া জেলাশাসককে সিদ্ধান্ত জানাতে নির্দেশ। বৃহস্পতিবার দুপুর দুটোর মধ্যে জানাতে হবে সিদ্ধান্ত। পুজো নিয়ে প্রশাসনের পরিকল্পনা জানাতে নির্দেশ বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের।পুজো উদ্যোক্তাদের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, গিনেস বুক, গুগল ও ইউনেস্কো সহ সমস্ত জায়গায় এই নতুন কীর্তির কথা জানিয়ে রেকর্ডের জন্য আবেদন করা হয়েছে। ৩ সেপ্টেম্বর অনুমতির জন্য প্রশাসনকে জানানো হয়েছে। প্রাথমিকভাবে কোনও আপত্তি জানানো হয়নি। ৫৫ বছর ধরে এই পুজো হয়ে আসছে। এখন পুলিশ বলছে এই পুজোর অনুমতি দেওয়া যাবে না।

অপরদিকে, রাজ্যের আইনজীবী স্বপন বন্দ্যোপাধ্যায় বলেন, "এই পুজো মণ্ডপে প্রবেশ ও প্রস্থানের জন্য প্রয়োজনীয় রাস্তা নেই বলে জানিয়েছে পুলিশ। তাই যে কোনও সময় দুর্ঘটনা ঘটে যেতে পারে। প্রতিমার উচ্চতা অনুমদিত উচ্চতার বেশি।

বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্য এরপরই জানান, প্রশাসনকে জানাতে হবে পুজো হবে কি হবে না। আর কদিন মাত্র পুজোর বাকি। পুজো নিয়ে সরকারি সিদ্ধান্তের কথা আগামীকাল দুপুর ২ টোর মধ্যে জানাবেন নদিয়ার জেলাশাসক। আজ ফের এই মামলার শুনানি।






# ভূমি রাজস্ব প্রদান পদ্ধতির সরলীকরণ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভূমি রাজস্ব প্রদানকে সুবিধাজনক করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার দপ্তর অনলাইন ল্যান্ড রেভিনিউ (খাজনা) প্রদানের ব্যবস্থা চালু করেছেন বাংলারভূমি পোর্টালের মাধ্যমে। কৃষকদের সুবিধার্থে রাজ্য সরকার কৃষি কাজে ব্যবহৃত জমির খাজনা ২০১৭ সাল থেকে সম্পূর্ণভাবে মকুব করে দেন। মানুষকে এখন খাজনা প্রদানের জন্য ভূমি দপ্তরের হাজিরা দিতে হয় না , ঘরে বসেই কম্পিউটার বা মোবাইলের মাধ্যমে এই খাজনা দেওয়া যায়। বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমেও খাজনা প্রদান করা যায় । বর্তমানে খাজনা প্রদানের জন্য বাধ্যতামূলকভাবে মোবাইল এবং email OTP ব্যবস্থা চালু আছে। বাধ্যতামূলক বসধরষ ব্যবস্থা অনেক ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি করছিল। খাজনা প্রদানের এই প্রয়াসকে আরো সরলীকৃত করার উদ্দেশ্যে ভূমি সংস্কার দপ্তর email OTP ব্যবস্থার বিলোপ সাধন করেছে এবং খাজনা প্রদানে বসধরষ ব্যবস্থাকে আর বাধ্যতামূলক রাখা হচ্ছে না। *এই প্রয়াস খাজনার এই অনলাইন ব্যবস্থাকে আরো জনপ্রিয় করে তুলবে।*

# ডিবিসির জল ছাড়া নিয়ে নতুন রচনা

## সৃষ্টি করলো হুগলির সাংসদ রচনা ব্যানার্জি



**বেবি চক্রবর্ত্তী: হুগলি: নিউজ সারাদিন :** বুধবার বন্যা প্লাবিত হুগলির বলাগরে পরিদর্শনে এসে তৃণমূলের তারকা সাংসদ সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে গম্ভীর ভাবে বললেন,কুইন্টাল কুইন্টাল জল বেরিয়ে আসছে। মানুষের বাড়িঘর কিচ্ছু নেই! সবাই রাস্তায় বেরিয়ে পড়েছেন ।আর ওরা (ডিভিসি) বলছে ।রচনা জানান, সত্যিটা কি এই মুহূর্তে তাঁর জানা নেই। তবে যা হয়েছে, ঠিক হয়নি। অন্য দিকে, সাংসদের কিউসেকের সঙ্গে কুইন্টাল গুলিয়ে ফেলা নিয়ে বিজেপির খোঁচা,ওঁকে মিউজিয়ামে রাখা উচিত। রচনা জানান ঘাটাল মাস্টারপ্ল্যান করতে কেন্দ্র সাহায্য করেনি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উদ্যোগ নিয়ে সেই কাজ করছেন। তেমনই বলাগড়ে ভাঙন নিয়ন্ত্রণে কোনও পরিকল্পনা করা যায় কি না দেখা হবে। তার পরেই রচনা নিশানা করেছেন ডিভিসি-কে। রচনা বলেন যে বিষয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, সে বিষয়ে আমি আর কিছু বলব না। উনি আমাদের গুরুজন ।কুইন্টাল' মন্তব্য নিয়ে হুগলি জেলা বিজেপির সাধারণ সম্পাদক সুরেশ সাউয়ের মন্তব্য,মুখ্যমন্ত্রীর উচিত হুগলির সাংসদকে মিউজিয়ামে রাখা। সাংসদ বলছেন, কেন্দ্রীয় সরকার নাকি কুইন্টাল কুইন্টাল জল ছাড়ছে!

# মুম্বাইয়ে ২৪ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে

## অর্থনীতিবিদ এবং বিশ্লেষকদের সঙ্গে মতবিনিময়

**নয়াদিল্লি, ২৫ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** মুম্বাইয়ের ২৪ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে অর্থনীতিবিদ এবং বিশ্লেষকদের সঙ্গে মতবিনিময়ের আয়োজন করে কেন্দ্রীয় পরিসংখ্যান এবং কর্মসূচি রূপায়ণ মন্ত্রক। উপস্থিত ছিলেন অর্থনীতি বিষয়ক দপ্তরের সচিব শ্রী অজয় শেঠ, মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ডঃ ভি অনন্ত নাগেশ্বরণ, প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয় সংক্রান্ত পরামর্শ পরিষদের সদস্য শ্রী নীলেশ শাহ, বিশিষ্ট অর্থনীতিবিদ শ্রী গণেশ কুমার, শ্রীমতী ইলা পট্টনায়েক প্রমুখ। আলোচনায় অংশ নেন রিজার্ভ ব্যাঙ্ক, সিটি ব্যাঙ্ক সহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা। পরিসংখ্যান এবং কর্মসূচি রূপায়ণ মন্ত্রকের সচিব ডঃ সৌরভ কর তাঁর মন্ত্রকের তরফ থেকে পেশ করা বিভিন্ন অর্থনৈতিক সূচকের প্রসঙ্গ তুলে ধরেন। নতুন চালু হওয়া ই-সাংখিকী পোর্টালের প্রসঙ্গও উঠে আসে এক্ষেত্রে। এরপর, নির্দিষ্ট বিষয়-ভিত্তিক দুটি উপস্থাপনা পেশ করা হয়। সেখানে মোট অভ্যন্তরীণ উৎপাদন এবং উপভোক্তা মূল্য সূচক পরিমাপের বর্তমান প্রণালীগত নানা বিষয় উঠে আসে। পাশাপাশি, ক্যাপেক্স সমীক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রকের উদ্যোগের কথা তুলে ধরেন ডঃ ভি অনন্ত নাগেশ্বরণ। বক্তারা সময়-ভিত্তিক এবং নিয়মিত তথ্য সরবরাহের গুরুত্বের কথাও বলেন। আলোচনায় নিয়মিত পারিবারিক ভোগব্যয় সমীক্ষা এবং উপভোক্তা মূল্য সূচকের পরিমাপের প্রশ্নে ভিত্তি পুনর্মাজনের উপর জোর দেওয়া হয়। মোট অভ্যন্তরীণ উৎপাদনের ক্ষেত্রে শহরাঞ্চল, গ্রামাঞ্চল এবং জেলা-ভিত্তিক বিভাগের খতিয়ান আলাদাভাবে প্রকাশ করার কথা বলেন বক্তারা।

# ভারতে ঢুকে বিএসএফ জওয়ানকে তুলে নিয়ে গেল

## বাংলাদেশি দুষ্কৃতীরা, ছ'ঘণ্টা পর ফেরাল বিজিবি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভূখণ্ডে অনুপ্রবেশ করে এক বিএসএফ জওয়ানকে অপহরণ করে নিয়ে গেল বাংলাদেশি দুষ্কৃতীরা! এখানেই শেষ নয়, এরপর ওই জওয়ানের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তুলে তাঁকে বাংলাদেশের সীমান্ত রক্ষার দায়িত্বে থাকা আধাসেনা অর্থাৎ বিজিবি-র হাতে তুলে দেওয়া হয়। শেষমেশ বিএসএফ-এর উচ্চপদস্থ আধিকারিকদের হস্তক্ষেপে ওই জওয়ানকে মুক্ত করতে বাধ্য হয় বিজিবি ।ওই বিবৃতিতে আরও জানানো হয়েছে, 'ওই জওয়ানকে জোর করে বাংলাদেশে নিয়ে যাওয়া হয় এবং তাঁকে বিজিবি-র হাতে তুলে দেওয়া হয়। এই ঘটনার ঘটার কিছুক্ষণের মধ্যেই বিএসএফ-এর উত্তরবঙ্গ শাখার আইজি বিজিবি-র উত্তরবঙ্গ শাখার কমান্ডারের সঙ্গে যোগাযোগ করেন এবং অপহৃত জওয়ানকে অবিলম্বে মুক্তির দাবি জানান। সেক্টর লেভের কমান্ডারদের মধ্যে আলোচনার পর বিজিবি ওই বিএসএফ জওয়ানকে ফিরিয়ে দেয়।'

বিএসএফ-এর তরফে থেকে আরও জানানো হয়েছে, সীমান্তে গুলিবর্ষণ না করার, অর্থাৎ 'জিরো ফায়ারিং'-এর যে নীতি গ্রহণ করা হয়েছে, তা তারা অক্ষরে অক্ষরে মেনে চলছে। এক্ষেত্রে বিজিবি-র কাছ থেকেও পূর্ণ সহযোগিতা আশা করা হচ্ছে ।এই ঘটনায় চরম উদ্বেগ ও দুশ্চিন্তা প্রকাশ করেছে বিএসএফ কর্তৃপক্ষ। উল্লেখ্য, হাসিনা সরকারের পতনের পর থেকেই বাংলাদেশে ভারতবিরোধী শক্তি ও মানসিকতা ক্রমশ মাথাচাড়া দিচ্ছে। তার জেরেই বাংলাদেশি দুষ্কৃতীদের এহেন বাড়বাড়ন্ত কিনা, সেটাও খতিয়ে দেখা হচ্ছে।

মঙ্গলবার বিএসএফ-এর তরফ থেকে ঘটনার কথা প্রকাশ্যে আনা হয়। তারা জানায়, বাংলাদেশি দুষ্কৃতীদের ১৫-২০ জনের একটি দল ভারতীয় ভূখণ্ডে ঢুকে ওই জওয়ানকে অপহরণ করে। এরপর তাঁকে বাংলাদেশে ধরে নিয়ে যাওয়া হয়। প্রতিবেশী রাষ্ট্রের আধাসেনার হাতে ওই বিএসএফ জওয়ান ছ'ঘণ্টারও বেশি সময় ধরে আটক হয়ে ছিলেন।

সূত্রের খবর, ঘটনাটি ঘটার একঘণ্টার মধ্যেই বিএসএফ-

এরপর ৩ পাতায়







# প্রয়াত হলেন বসিরহাটের তৃণমূল সাংসদ

## হাজী নুরুল ইসলাম, শোক বার্তা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের



**বেবি চক্রবর্ত্তী: বসিরহাট: নিউজ সারাদিন :** লোকসভা ভোটের আগে ব্রিগেডের মঞ্চ থেকে যখন তাঁর নাম ঘোষণা হয়, তখনই বেশ অসুস্থ তিনি। ফুসফুসে সংক্রমণ ছিল। ক্যানসারে আক্রান্ত ছিলেন হাড়োয়ার বিধায়ক হাজি নুরুল ইসলাম। অসুস্থ শরীর নিয়েই ভোটে লড়েছেন এবং জিতেওছেন। কিন্তু আর পুরোপুরি সুস্থ হয়ে ওঠা হল না ।আজ অর্থাৎ বুধবার দুপুরে তার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বসিরহাটের তৃণমূল সাংসদ হাজি নুরুলের ইসলামের। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬১ বছর। তিনি প্রথম ২০০৯ সালে তৃণমূলের টিকিটের বসিরহাটে লড়াই করে সংসদ হন তারপর ২০১৪ সালের জঙ্গিপুরে দাঁড়িয়ে হেরে যান আবার পুনরায় ২০১৬ সালে হাড়োয়া বিধানসভায় জয়ী হয়ে বিধায়ক হন। ২০২১ সালে ফের হারয়া বিধানসভা থেকে জয়লাভ করেন হাজী নুরুল। আবার অন্যদিকে ২০২৪ লোকসভা নির্বাচনের প্রাক্কালে সন্দেশখালির তৃণমূল নেতা শেখ শাহজাহান ও তাঁর গোষ্ঠীর বিরুদ্ধে নারী নির্যাতনের অভিযোগ ও সাংসদ-অভিনেত্রী নুসরত জাহানকে নিয়েও এলাকার মানুষের ক্ষোভ বিক্ষোভ ছিল। তারই মাঝে ২০২৪ লোকসভা নির্বাচনে অসুস্থ শরীর নিয়ে তৃণমূলের টিকিটে বসিরহাট থেকে লড়াই করেন এবং জয় লাভ করে পুনরায় সাংসদ হন ।লোকসভা ভোটের পর ক্যান্সারের চিকিৎসার জন্য দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সে চিকিৎসা চলছিল হাজি নুরুলের। বিদেশ থেকে বিশেষ ওষুধ আনার পর শারীরিক অবস্থার সাময়িক উন্নতিও হচ্ছিল। কিন্তু শেষরক্ষা হল না। দলনেত্রীর নির্দেশে শারীরিক অসুস্থতা সত্ত্বেও প্রতিটি এলাকায় ভোট প্রচারে গিয়েছিলেন এবং ফল প্রকাশের পর দেখা যায় তিন লাখেরও বেশি ভোটে জয়ী হয়েছেন তিনি ।সাংসদ হাজী নুরুলের মৃত্যুর সংবাদ পাওয়ার পর টুইট করে শোকবার্তা জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, সাংসদ তথা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস সম্পাদক অভিষেক ব্যানার্জি। হাজী নজরুলের মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে পরিবার বর্গসহ সারা বসিরহাটের তৃণমূল দলের মধ্যে।

# আলিপুর চিড়িয়াখানা ১৫০ বছর পূর্ণ হল



**জয়দীপ যাদব : কলকাতা: নিউজ সারাদিন :** আলিপুর চিড়িয়াখানা, যাকে বলা হয় ভারতের প্রাচীনতম চিড়িয়াখানা, ১৫০ বছর পূর্ণ করেছে। আজ নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম এবং রাজ্যের বনমন্ত্রী বীরবাহ হাঁসদার উপস্থিতিতে চিড়িয়াখানার হেরিটেজ ভবনেরও উদ্বোধন হল। এছাড়াও উল্লিখিত চিড়িয়াখানার বিবরণ দিয়ে একটি বই প্রকাশ করা হয়েছে। চিড়িয়াখানার কর্ণধার শুভঙ্কর সেনগুপ্ত জানিয়েছেন, চিড়িয়াখানার আলিপুর রোড ও ন্যাশনাল লাইব্রেরি রোডে দু'টি নতুন গেটের উদ্বোধন করা হয়। এ ছাড়াও বেঙ্গল ফক্স ও লেপার্ড ক্যাটের এনক্লোজার দু'টির উদ্বোধন করা হয়। তিনি এক বিবৃতিতে বলেছেন, সংস্কার করা ঐতিহ্যবাহী ভবনটিতে অনন্য প্রজাতির ইঁদুর হরিণ, চার শিংওয়ালা হরিণ এবং হগ ডিয়ারের জন্য ঘর রয়েছে। সেনগুপ্ত বলেন, শিয়াল এবং চিতা বা বিড়ালের মতো প্রজাতির জন্য দুটি নতুন ঘেরও উন্মোচন করা হয়েছে। সাংবাদিকদের সাথে আলাপকালে আলিপুর চিড়িয়াখানা আইএনটিটিইউসি এমপ্লয়িজ ইউনিয়নের সভাপতি রাজেশ সাও বলেন যে আলিপুর চিড়িয়াখানা ১৫০ বছর পূর্ণ করেছে তা শুধু বাংলার জন্য নয়, দেশের জন্য গর্বের বিষয়। তিনি বলেছিলেন যে, এই উপলক্ষে, আলিপুর চিড়িয়াখানার প্রথম এবং দীর্ঘতম কর্মরত সুপারিনটেনডেন্ট রায় বাহাদুর রাম ব্রহ্ম সান্যালের মূর্তিও উন্মোচন করা হয়েছে।

# পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের

## জন্মবার্ষিকীতে তাঁর প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধার্ঘ্য

**নয়াদিল্লি, ২৫ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়কে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। উন্নত ভারত গড়ার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, সেখানে পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের অন্ত্যোদয় ভাবনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলে প্রধানমন্ত্রী জানান। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, "জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী মহান পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়জিকে তাঁর জন্মজয়ন্তীতে কোটি কোটি প্রণাম জানাই। অন্ত্যোদয়ের বিষয়ে তাঁর ভাবনা ভারতকে উন্নত করে তোলার সংকল্পে সহায়তা করেছে। দেশের প্রতি তাঁর আনুগত্য চিরস্মরণীয় হয়ে থাকবে।"

# বাতিল হওয়া কৃষি আইন ফেরানোর দাবি কঙ্গনার



**দিল্লী: নিউজ সারাদিন :** বাতিল হওয়া তিনটি কৃষি আইন ফের ফিরিয়ে আনার দাবি তুললেন বিজেপি সাংসদ এবং অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। কঙ্গনার যুক্তি, নিজেদের স্বার্থেই বাতিল হওয়া কৃষি আইন ফেরত চেয়ে সরব হওয়া উচিত কৃষকদের। যদিও হিমাচলের মান্ডির সাংসদের এই দাবিতে যথেষ্ট অস্বস্তিতে পড়েছে বিজেপি। কারণ সামনেই হরিয়ানার বিধানসভা নির্বাচন।কঙ্গনার এই বক্তব্য সামনে আসার পরই সেটিকে অস্ত্র করে বিজেপিকে আক্রমণ করেছে কংগ্রেসও। কংগ্রেসের পক্ষ থেকে দাবি করা হয়েছে, আসলে কঙ্গনাকে সামনে রেখে বিজেপি-ই ফের বিতর্কিত কৃষি আইন ফেরানোর তোড়জোড় করছে।

কঙ্গনা বলেন, আমি যা বলছি তা নিয়ে বিতর্ক হতে পারে, কিন্তু কৃষি আইনগুলি ফেরত আনা উচিত। কারণ এই আইনগুলি কৃষকদের স্বার্থেই তৈরি করা হয়েছিল। নিজেদের সমৃদ্ধির জন্যই কৃষকদের এই দাবি তোলা উচিত। কৃষকরা দেশের উন্নতির স্তম্ভ। কয়েকটি মাত্র রাজ্য এই আইনগুলির বিরোধিতা করেছিল। কৃষকদের স্বার্থেই এই আইনগুলি ফেরত আনার দাবি জানাচ্ছি আমি।

# মেয়ের জন্য ৫০ সম্পত্তি, 'সাইকেলের' নামে আবার ৪৭,

**নয়াদিল্লি, ২৪ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** নিউ ইয়র্কে সামিট অফ দ্য ফিউচারের ফাঁকে ২৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি-র সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। দুই নেতার আলোচনায় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ইউক্রেন সফরের প্রসঙ্গ উঠে আসে, দ্বিপাক্ষিক সম্পর্ক ক্রমাগত মজবুত হতে থাকায় তাঁরা সন্তোষ প্রকাশ করেন। ইউক্রেনের পরিস্থিতি এবং সেখানে শান্তি স্থাপনের লক্ষ্যে এগোনোর পন্থা-পদ্ধতিও আলোচনায় গুরুত্ব পায়।

কূটনীতি, আলোচনা এবং সংশ্লিষ্ট সব পক্ষের অংশগ্রহণের মাধ্যমে সমস্যার শান্তিপূর্ণ সমাধানের যে স্পষ্ট, ধারাবাহিক ও গঠনমূলক দৃষ্টিভঙ্গী ভারত বরাবর নিয়ে এসেছে, প্রধানমন্ত্রী তা পুনর্ব্যক্ত করেন। এই সংঘাতের দীর্ঘস্থায়ী ও শান্তিপূর্ণ সমাধানের লক্ষ্যে ভারত সব ধরনের সহায়তা করতে প্রস্তুত করতে বলে তিনি জানান। ৩ মাসের সামান্য বেশি সময়ের মধ্যে এটি দুই নেতার তৃতীয় সাক্ষাৎ। তাঁরা নিজেদের মধ্যে সংযোগ অব্যাহত রাখতে সহমত হয়েছেন।

মেয়ের জন্য ৫০ সম্পত্তি, 'সাইকেলের' নামে আবার ৪৭,

# পার্থর মতো নগদ নেই অনুব্রতর! বলেছিল সিবিআই

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ বান্ধবী অর্পিতা মুখোপাধ্যায়ের ফ্ল্যাট থেকে নগদ ৫০ কোটি টাকা উদ্ধার হওয়া নিয়ে তোলপাড় পড়ে গেছিল চারিদিকে। তৃণমূলের রাজ্যসভার প্রাক্তন সাংসদ জহর সরকার সেই সময় বলেছিলেন, দেখে গা শিরশির করে উঠছিল তাঁর!এদিকে অনুব্রত জামিন পেয়ে বাড়ি ফেরার পর, সেই প্রসঙ্গে কংগ্রেস নেতা অধীর চৌধুরী জানান, "অনুব্রত জামিনে মুক্তি পেলেন মানে, তাঁর বিরুদ্ধে অভিযোগগুলো মিথ্যা হয়ে যায় না। সিবিআই এবং ইডির তদন্তের সময়, অনুব্রত মণ্ডল ও তাঁর মেয়ের নামে বিপুল পরিমাণ সম্পত্তির হদিশ পাওয়া গেছে। সেইসব তদন্ত এজেন্সি চার্জশিটেও লিখেছে। আর এই হিসেব বহির্ভূত আয়ের উৎস্য কী? কোথা থেকে এসেছিল বিপুল পরিমাণ এই টাকা? একটা লোক মাছ মাছ বেচতে বেচতে এমনি এমনিই এতগুলো চাল কলের মালিক হয়ে গেল?"কিন্তু এরপর সিবিআই সূত্র জানায়, অনুব্রত কাঁচা টাকা বিশেষ রাখেননি।

তা দিয়ে ঘুরপথে নানান সম্পত্তি করেছেন নিজের নামে। সেই সম্পত্তির বহর পার্থর চেয়ে আবার অনেকটাই বেশি। প্রায় ২ বছর জেল খাটার পর, তিহাড় থেকে মুক্তি পেয়ে মঙ্গলবার বীরভূমে ফিরেছেন দোর্দণ্ডপ্রতাপ তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল।

আর সেদিনই অনেকের মনে পড়ে গেছে, বিশাল পরিমাণ আয় বহির্ভূত সম্পত্তির যে অভিযোগ ছিল তাঁর বিরুদ্ধে, তার কী হল? সিবিআই-এর সূত্র মারফৎ জানা গেছিল, অনুব্রত মণ্ডলের একার নামেই নাকি ২৪টি সম্পত্তি রেজিস্ট্রি করা রয়েছে। তাঁর মেয়ে তথা সরকারি প্রাথমিক স্কুল শিক্ষিকা সুকন্যা মণ্ডলের নামে রয়েছে আরও ২৬টি সম্পত্তি। তাঁর স্ত্রী ছবি মণ্ডলের নামে রয়েছে ১২টি সম্পত্তি।

আর অনুব্রতর দেহরক্ষী সায়গল হোসেন, যাকে কিনা গরু পাচারকারীরা 'সাইকেল' বলে ডাকত, তাঁর নামে নথিভুক্ত রয়েছে ৪৭টি স্থাবর সম্পত্তি।

এখানেই শেষ নয়। অনুব্রত মণ্ডলকে 'বাবা' বলে ডাকতেন স্থানীয় বিদ্যুৎবরণ গায়েন নামে এক ব্যক্তি। তিনি আগে বোলপুর পুরসভার জঞ্জাল ফেলার গাড়ির খালাসি ছিলেন। অনুব্রতই নাকি তাঁকে পুরসভায় পাকা চাকরি করে দেন। পরে অনুব্রতর পরিবারের প্রায় সদস্য হয়ে ওঠেন সেই বিদ্যুৎ।

তিনি যে কতটা ঘনিষ্ঠ ছিলেন, তা সুকন্যা মণ্ডলের ফেসবুক পেজের পুরনো ছবি থেকেই স্পষ্ট বোঝা যেতে পারে। সেই বিদ্যুতের নামে ৩২টি প্রপার্টি রয়েছে। বিদ্যুতের স্ত্রীর নামে রয়েছে দু'টি প্রপার্টি। আর অনুব্রতর ঘনিষ্ঠ কমলকান্তি ঘোষ এবং তাঁর পরিবারের ১৮টি সম্পত্তির খোঁজ পাওয়া গেছে বলে দাবি সিবিআই-এর।

আজ থেকে দুই বছর আগে অনুব্রত গ্রেফতার হওয়ার সময়ে সিবিআই-এর এক অফিসার বলেন, নজর করলে দেখা যাবে যে অনুব্রত সাংবাদিকদেরও একটা কথা চিৎকার করে বলছেন। তা হল, যা সম্পত্তি রয়েছে তার জন্য ইনকাম ট্যাক্স দেওয়া আছে।কিন্তু উনি হয়ত জানেন না যে, কর দেওয়াই শেষ কথা নয়। আয়ের উৎসও দেখাতে হয়। পাশাপাশি সিবিআই সন্দেহ প্রকাশ করেছিল, এক শ্রেণির চার্টার্ড অ্যাকাউনট্যান্টের সাহায্যে অনুব্রত বিভিন্ন খাতে আয় দেখিয়ে ওই সব সম্পত্তি করেছেন। বীরভূমের কিছু চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টের বাড়িতে হানাও দিয়েছিল সিবিআই। প্রচুর কাগজপত্রও বাজেয়াপ্তও করা হয় সেই সময়।

২ পাতার পর

# ভারতে ঢুকে বিএসএফ জওয়ানকে তুলে নিয়ে গেল বাংলাদেশি দুষ্কৃতীরা, ছ'ঘণ্টা পর ফেরাল বিজিবি

এর নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ারের ইন্সপেক্টর জেনারেল বিজিবি-র উত্তর-পশ্চিম শাখার কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেন। তিনি স্পষ্ট জানিয়ে দেন, ওই জওয়ানকে অবিলম্বে মুক্ত করতে হবে। এরপর বিকেল ৫টা নাগাদ অপহৃত বিএসএফ জওয়ানকে ছেড়ে দেওয়া হয়।বিএসএফ সূত্রে জানা গিয়েছে, বিজিবি-র সঙ্গে সেক্টর কমান্ডারস্তরের আধিকারিকদের সঙ্গে বিএসএফ-এর ফ্ল্যাগ মিটিংয়ের পরই ওই জওয়ানকে মুক্ত করা হয়।

এই ঘটনায় বাংলাদেশি সংবাদমাধ্যমের বিরুদ্ধে ভুল ও বিভ্রান্তিমূলক খবর পরিবেশনের অভিযোগ উঠছে। কারণ, তাদের পক্ষ থেকে প্রচার করা হয়, ওই বিএসএফ জওয়ান নাকি সীমান্ত অতিক্রম করে বাংলাদেশি ভূখণ্ডে প্রবেশ করেছিলেন। সেই কারণেই তাঁকে আটক করা হয়েছিল।

যা সর্বৈব মিথ্যা বলে জানিয়ে দিয়েছে বিএসএফ। তাদের পালটা বক্তব্য, এই ঘটনায় আদতে 'গুরুতরভাবে সীমান্ত সুরক্ষা লঙ্ঘন' করা হয়েছে। বিএসএফ কর্তৃপক্ষ এই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে এবং এই ঘটনা অত্যন্ত উদ্বেগের বলেও সরকার ও প্রশাসনকে সতর্ক করেছে।বিএসএফ-এর নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ারের পক্ষ থেকে এই ঘটনা প্রসঙ্গে একটি বিবৃতি প্রকাশ করা হয়েছে।

ওই বিবৃতিতে বলা হয়েছে, 'সীমান্ত সুরক্ষার চরম লঙ্ঘন করে এক বিএসএফ জওয়ানকে অপহরণ করা হয়। ঘটনার সময় ওই জওয়ান ভারতীয় ভূখণ্ডের অন্তর্গত দক্ষিণ দিনাজপুরের বিরাল সীমান্ত লাগোয়া এলাকায় রোজের মতোই টহলদারির কাজ করছিলেন। বাংলাদেশ থেকে অবৈধভাবে ভারতীয় ভূখণ্ডে ঢুকে পড়া ১৫-২০ জনের একটি দুষ্কৃতী দল এই অপকর্ম ঘটায়।'

ওই বিবৃতিতে আরও জানানো হয়েছে, 'ওই জওয়ানকে জোর করে বাংলাদেশে নিয়ে যাওয়া হয় এবং তাঁকে বিজিবি-র হাতে তুলে দেওয়া হয়। এই ঘটনার ঘটার কিছুক্ষণের মধ্যেই বিএসএফ-এর উত্তরবঙ্গ শাখার আইজি বিজিবি-র উত্তরবঙ্গ শাখার কমান্ডারের সঙ্গে যোগাযোগ করেন এবং অপহৃত জওয়ানকে অবিলম্বে মুক্তির দাবি জানান। সেক্টর লেভের কমান্ডারদের মধ্যে আলোচনার পর বিজিবি ওই বিএসএফ জওয়ানকে ফিরিয়ে দেয়।'

# জাপানকে টপকে এশিয়ার তৃতীয় শক্তিশালী দেশ হিসেবে উঠে এল ভারত



**নয়াদিল্লি, ২৫ সেপ্টেম্বর ২০২৪ : নিউজ সারাদিন :** জাপানকে টপকে এশিয়ার তৃতীয় শক্তিশালী দেশ হিসেবে উঠে এল ভারত। এশিয়া পাওয়ার ইন্ডেক্স-এ এই গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরা হয়েছে। ভারতের এই সাফল্যের পিছনে রয়েছে, দ্রুতগতির বিকাশ, সম্প্রসারণশীল অর্থনীতি এবং জনসংখ্যায় তরুণদের আধিক্য। ভারতের এই উত্থানের মূল কারণগুলি হল :

(১) আর্থিক অগ্রগতি : অতিমারী পরবর্তী সময়ে আর্থিক অবস্থা পুনরুদ্ধারের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য দেখিয়েছে ভারত। আর্থিক সক্ষমতার ক্ষেত্রে ৪.২ পয়েন্ট বৃদ্ধি ঘটেছে। ভারতের বিপুল জনসংখ্যা এবং জিডিপি-র বৃদ্ধি পিপিপি-র নিরিখে ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ করে তুলেছে।

(২) ভবিষ্যৎ সম্ভাবনা : ভারতের ভবিষ্যৎ সম্পদ ৮.২ পয়েন্ট বৃদ্ধি পাবে বলে অনুমান করা হচ্ছে। চিন ও জাপানের তুলনায় ভারতের বড় সুবিধা হল, জনসংখ্যায় তরুণদের আধিক্য, যা আগামী দশকগুলিতে ভারতের আর্থিক অগ্রগতিকে এগিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি কর্মীবাহিনীর সংখ্যাও বৃদ্ধি করবে।

(৩) কূটনৈতিক প্রভাব : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্ব আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতকে বিশেষ স্বীকৃতি এনে দিয়েছে। এক্ষেত্রে সহায়ক হয়েছে ভারতের নিরপেক্ষ অবস্থানের কৌশল। ২০২৩ সালে কূটনৈতিক আলাপ-আলোচনার ক্ষেত্রে ভারতের স্থান ছিল ষষ্ঠ। সেইসঙ্গে, ভারতের বিপুল জনসংখ্যা এবং আর্থিক সক্ষমতাও এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। ভারতের সাংস্কৃতিক প্রভাবও আন্তর্জাতিক স্তরে বেশ মজবুত রয়েছে। পারস্পরিক আলাপ-আলোচনায় ভারতের অংশগ্রহণ, সেইসঙ্গে কোয়াড-এ নেতৃত্বদান আঞ্চলিক নিরাপত্তার ক্ষেত্রে ভারতকে বিশেষ ভূমিকায় উন্নীত করেছে। এশিয়ায় ভারতের ভূমিকা

২০২৪-এর এশিয়া পাওয়ার ইন্ডেক্স-এ ভারতের শক্তিকে স্বীকৃতি দেওয়া হয়েছে। ভবিষ্যৎ অগ্রগতির ক্ষেত্রেও ভারতের বিপুল সম্ভাবনার বার্তা দেওয়া হয়েছে। আর্থিক বিকাশের সঙ্গে ক্রমবর্ধমান কর্মীবাহিনী আগামী বছরগুলিতে ভারতের অবস্থানকে আরও শক্তিশালী করবে, বিশেষত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে কূটনৈতিক প্রভাব এবং কৌশল নির্ধারণে ভারত এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এশিয়া পাওয়ার ইন্ডেক্স অস্ট্রেলিয়ার লোয়ি ইনস্টিটিউট ২০১৮ সালে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলির শক্তির ভারসাম্য খতিয়ে দেখার জন্য এশিয়া পাওয়ার ইন্ডেক্স চালু করেছিল। এতে এই অঞ্চলের ২৭টি দেশের শক্তির মূল্যায়ন করা হয়। এই সূচকে দেশগুলির আন্তর্জাতিক স্তরে প্রভাবও খতিয়ে দেখা হয়।

শক্তির পরিমাপের শর্ত ও মাপকাঠিসমূহ :

এশিয়া পাওয়ার ইন্ডেক্স-এ শক্তি পর্যালোচনার ক্ষেত্রে সম্পদ এবং প্রভাব, দুটিই পর্যালোচনা করা হয়ে থাকে। এগুলি হল -

(ক) সম্পদ-ভিত্তিক নির্ধারক : এতে মানুষের ক্রয় ক্ষমতা, প্রযুক্তির উন্নতি এবং আন্তর্জাতিক আর্থিক সম্পর্ক প্রভৃতি খতিয়ে দেখা হয়। সেইসঙ্গে সামরিক ক্ষেত্রে ব্যয়, সশস্ত্র বাহিনী, অস্ত্র ব্যবস্থা মিলিয়ে সামগ্রিকভাবে সামরিক শক্তিও বিবেচনা করা হয়ে থাকে।

(খ) প্রভাব-ভিত্তিক নির্ধারক : এতে বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক কূটনীতি পর্যালোচনা করা হয়। সামরিক সহযোগিতা ও অস্ত্র হস্তান্তরের মাধ্যমে জোট ও অংশীদারিত্বের শক্তি যাচাই করা হয়। এছাড়া রয়েছে, কূটনৈতিক প্রভাব বিস্তার, সাংস্কৃতিক বিনিময় এবং সংশ্লিষ্ট দেশগুলির মানুষের মধ্যে পারস্পরিক বন্ধন।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২৬৩ সংখ্যা ২৬ সেপ্টেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ০৯ আশ্বিন, ১৪৩১

## সম্পাদকীয়

# উচ্চ প্রাথমিকে ১৪ হাজার নিয়োগের পথে রাজ্য

আদালতের ছাড়পত্র মিলতেই উচ্চ প্রাথমিকে নিয়োগ প্রক্রিয়ায় গতি আনল রাজ্য। উচ্চ প্রাথমিকের ১৪ হাজার ৫২ জন চাকরিপ্রার্থীর মেধা তালিকা প্রকাশ করল এসএসসি। কমিশনের ঘোষণা অনুযায়ী, শূন্যপদের সংখ্যা ১৪,৩৩৯। তবে আদালতের নির্দেশ অনুসারে, এদিন ১৪ হাজার ৫২ জনের তালিকা প্রকাশ করা হয়েছে।২০১৬ সালে উচ্চ প্রাথমিকে ১৪ হাজার ৩৩৯টি শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল রাজ্য সরকার। প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর মেধাতালিকা প্রকাশ হলে দেখা যায় তাতে রয়েছে ১৪ হাজার ৫২ জনের নাম। কিন্তু সেই বিস্তর বেনিয়মের অভিযোগে সেই নিয়োগ আটকে যায় মামলা জটে। এর পর ২০২১ সালে এসএসসি জানায় ১ হাজার ৪৬৩ জনকে মেধা তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। এই বাদ পড়া পরীক্ষার্থীরা একাধিক মামলা করেন হাই কোর্টে। সেই মামলার শুনানিতে কলকাতা হাই কোর্ট জানিয়েছিল, ওই ১৪৬৩ জনকে যে প্রক্রিয়ায় বাদ দেওয়া হয়েছিল, তা ঠিক ছিল না। হাই কোর্ট জানিয়ে দেয়, বাদ দেওয়া ১ হাজার ৪৬৩ জনকে নিয়ে ১৪ হাজার ৫২ জনের তালিকা প্রকাশ করতে হবে। শুধু তাই নয়, সময়সীমাও বেঁধে দিয়েছিল উচ্চ আদালত। সেই ডেডলাইনের মধ্যেই প্যানেল প্রকাশ করল এসএসসি।তালিকা প্রকাশ হওয়ায় প্রায় ৯ বছরের অপেক্ষার অবসান হল। সূত্রের খবর, পুজোর আগেই এই তালিকা ধরে কাউন্সেলিং প্রক্রিয়া শেষ হবে।

চলতি বছরের ২৮ আগস্ট কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চ স্কুল সার্ভিস কমিশনকে নির্দেশ দেয় ১৪ হাজার ৫২ খালি পদে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে। ফলে দীর্ঘ আট বছরের অপেক্ষার পর ১৪,০৫২ শূন্য পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করে এসএসসি। এই রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে আসেন চাকরিপ্রার্থীদের একাংশ। তাঁদের বক্তব্য ছিল, কলকাতা হাই কোর্টের নির্দেশ নিয়োগ সংক্রান্ত সংরক্ষণ নীতির বিরোধী। কয়েকজনের তরফে আদালতে এমন দাবিও করা হয় যে কাট অফ মার্কসের থেকে বেশি নম্বর পেয়েও ইন্টারভিউতে ডাক পাননি তাঁরা।মঙ্গলবার প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ জানিয়েছে, এখনই হাই কোর্টের নির্দেশে হস্তক্ষেপ করছে না শীর্ষ আদালত। সুপ্রিম কোর্ট হস্তক্ষেপ না করায় মেধাতালিকা প্রকাশ এবং নিয়োগ প্রক্রিয়া এগোনর পথে আর কোনও বাধা ছিল না। আইনি বাধা কাটতেই আজ মেধাতালিকা প্রকাশ করেছে এসএসসি।

তালিকা প্রকাশ হওয়ায় প্রায় ৯ বছরের অপেক্ষার অবসান হল। সূত্রের খবর, পুজোর আগেই এই তালিকা ধরে কাউন্সেলিং প্রক্রিয়া শেষ হবে।

চলতি বছরের ২৮ আগস্ট কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চ স্কুল সার্ভিস কমিশনকে নির্দেশ দেয় ১৪ হাজার ৫২ খালি পদে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে। ফলে দীর্ঘ আট বছরের অপেক্ষার পর ১৪,০৫২ শূন্য পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করে এসএসসি। এই রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে আসেন চাকরিপ্রার্থীদের একাংশ। তাঁদের বক্তব্য ছিল, কলকাতা হাই কোর্টের নির্দেশ নিয়োগ সংক্রান্ত সংরক্ষণ নীতির বিরোধী। কয়েকজনের তরফে আদালতে এমন দাবিও করা হয় যে কাট অফ মার্কসের থেকে বেশি নম্বর পেয়েও ইন্টারভিউতে ডাক পাননি তাঁরা।মঙ্গলবার প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ জানিয়েছে, এখনই হাই কোর্টের নির্দেশে হস্তক্ষেপ করছে না শীর্ষ আদালত। সুপ্রিম কোর্ট হস্তক্ষেপ না করায় মেধাতালিকা প্রকাশ এবং নিয়োগ প্রক্রিয়া এগোনর পথে আর কোনও বাধা ছিল না। আইনি বাধা কাটতেই আজ মেধাতালিকা প্রকাশ করেছে এসএসসি।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কামাখ্যা মন্দিরে চারটি কক্ষ আছে, গর্ভগৃহ ও তিনটি মণ্ডপ যেগুলোর স্থানীয় নাম চলন্ত, পঞ্চরত্ন এবং নাটমন্দির। গর্ভগৃহটি পঞ্চরথ স্থাপত্যশৈলীতে নির্মিত। অন্যগুলির স্থাপত্য তেজপুরের সূর্যমন্দিরের সমতুল্য। সেগুলিতে খাজুরাহো বা অন্যান্য মধ্যভারতীয় মন্দিরের আদলে নির্মিত খোদাইচিত্র দেখা যায়। মন্দিরের চূড়াগুলি মৌচাকের মতো দেখতে। অসমের বিশেষ করে গুয়াহাটির বহু মন্দিরে এই ধরনের চূড়া দেখা যায়। গর্ভগৃহটি আসলে ভূগর্ভস্থ একটি গুহা। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)




সকলের জন্য ভাবনা অন্নদা ঠাকুরই ঠিক করে গিয়েছিলেন, আদ্যাপীঠ মন্দিরের আয় থেকে বালকদের জন্য ব্রহ্মচর্যাশ্রম এবং বালিকাদের জন্য তৈরি হবে আর্য নারীর আদর্শ শিক্ষাদান কেন্দ্র। এছাড়া সংসারবিবাগী গৃহস্থের জন্য তৈরি হবে বাণপ্রস্থাশ্রম এবং সংক্রামক ব্যাধি নিবারণের চেষ্টা বা হাসপাতাল তৈরি করা হবে। অন্নদা ঠাকুরের প্রয়াণ বাংলার ১৩৩৫ সালে অন্নদা ঠাকুর পুরীতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর প্রয়াণের এত বছর পরেও, ভক্ত-শিষ্য ও ব্রহ্মচারীরা সেই নির্দেশ মানছেন অক্ষরে অক্ষরে। সময়ের সঙ্গে সঙ্গে, অ্যাম্বুল্যান্সে তৈরি হয় ভ্রাম্যমাণ চিকিৎসালয়। এসব সবি আজকের দিনে ইতিহাস, তবে মন্দির স্থাপনের মূল ভাবটা চিন্তা একটু ধারণা দেওয়া যাক এই লেখার মধ্যে।আদ্যপীঠের মূল মন্দিরটি তার স্থাপত্য এবং প্রতীকী উভয় ক্ষেত্রেই অনন্য। নিখুঁত সাদা মার্বেল দিয়ে তৈরি, এটি সত্যিই তিনটি মন্দির একে অপরের ভিতরে অবস্থিত। মন্দিরের প্রতীকবাদ শুধুমাত্র হিন্দু বিশ্বাসের সকল দিকের ঐক্যকেই বোঝায় না, বরং একটি অভিন্ন লক্ষ্যের দিকে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# প্রশান্ত মহাসাগরে আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালালো চীন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চীন সম্প্রতি প্রশান্ত মহাসাগরে একটি আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (ICBM) পরীক্ষামূলকভাবে উৎক্ষেপণ করেছে। বুধবার সকাল ৮:৪৪ টায় (গ্রিনিচ মান সময় ০০:৫৫) এই ক্ষেপণাস্ত্রটি চীনের পিপলস লিবারেশন আর্মি (PLA) রকেট ফোর্স থেকে উৎক্ষেপণ করা হয় এবং নির্ধারিত সমুদ্র অঞ্চলে আঘাত হানে বলে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় নিশ্চিত করেছে। মন্ত্রণালয়ের বিবৃতিতে জানানো হয়েছে, এটি বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার অংশ এবং কোনো দেশ বা লক্ষ্যবস্তুর প্রতি নির্দেশিত ছিল না।

যদিও পরীক্ষার জন্য নির্দিষ্ট ক্ষেপণাস্ত্রের নাম প্রকাশ করা হয়নি। ধারণা করা হচ্ছে, এটি চীনের সর্বাধুনিক ক্ষেপণাস্ত্র DF-41, যা ২০১৯ সালে গণপ্রজাতন্ত্রী চীনের ৭০ বছর পূর্তি উদযাপনের সময় প্রদর্শিত হয়েছিল।

এই ক্ষেপণাস্ত্রটির পাল্লা ১২,০০০ থেকে ১৫,০০০ কিলোমিটার (৭,৪০০-৯,৩২০ মাইল) পর্যন্ত হতে পারে।

রাষ্ট্র পরিচালিত সিনহুয়া সংবাদ সংস্থা জানিয়েছে, পরীক্ষা শুরুর আগেই সংশ্লিষ্ট দেশগুলোকে অবহিত করা হয়েছিল। তবে ক্ষেপণাস্ত্রের পথ বা আঘাতের নির্দিষ্ট স্থান সম্পর্কে কোনো বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি। পরীক্ষার মাধ্যমে চীনের অস্ত্র এবং সরঞ্জামের কার্যকারিতা ও সেনাদের প্রশিক্ষণ মান যথাযথভাবে মূল্যায়িত হয়েছে এবং প্রত্যাশিত লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হয়েছে।

পিএলএ রকেট ফোর্স, যা চীনের পারমাণবিক ও প্রচলিত ক্ষেপণাস্ত্রগুলোর তত্ত্বাবধানে রয়েছে, পারমাণবিক শক্তি আধুনিকায়নের জন্য কাজ করছে। যুক্তরাষ্ট্রের উন্নত মিসাইল প্রতিরক্ষা ব্যবস্থা, উন্নত নজরদারি প্রযুক্তি এবং মজবুত মিত্র সম্পর্কের প্রেক্ষাপটে চীন এই উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে। গত বছরের অক্টোবরে যুক্তরাষ্ট্র জানায় যে, চীন তার পারমাণবিক অস্ত্র ভাণ্ডার প্রত্যাশার চেয়ে দ্রুত বাড়াচ্ছে।

# বাংলাদেশের সঙ্গে সম্পর্ক কেমন থাকবে, জানালেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** :ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন, বাংলাদেশ ও শ্রীলঙ্কার সঙ্গে ভারতের সম্পর্ক 'ইতিবাচক ও গঠনমূলকই' থাকবে। এই সম্পর্ক নিয়ে আগে থেকে কিছু ভেবে নেওয়া ঠিক হবে না। তেমন ভাবনা কারো ভাবা উচিত নয়। নিউইয়র্কে স্থানীয় সময় গতকাল (মঙ্গলবার) এক অনুষ্ঠানের পর সাংবাদিকদের সঙ্গে কথা আলাপকালে এসব কথা বলেন তিনি।

জয়শঙ্কর বলেন, 'সম্পর্ক নিয়ে আগাম কোনো ধারণায় উপনীত না হওয়ার অনুরোধ আমি সবাইকে করব। বিষয়টা এমন নয় যে ভারত তার সব প্রতিবেশী দেশের রাজনীতি নিয়ন্ত্রণ করতে চাইছে। এভাবে চলেও না। এমনটা হয়ও না। এটা শুধু আমাদের (ভারত) নয়, সবার জন্য সমান সত্য।'

নিউইয়র্কে গতকাল 'ইন্ডিয়া, এশিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড' নামে এক আলোচনা সভার আয়োজন করে এশিয়াটিক সোসাইটি ও নিউইয়র্কের এশিয়া সোসাইটি পলিসি ইনস্টিটিউট। সেখানে অংশ নেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী।সেই অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন জয়শঙ্কর।

জয়শঙ্করের কাছে এক সাংবাদিক প্রশ্ন রাখেন যে, বাংলাদেশ ও শ্রীলংকাকে ভারত শর্তহীন সাহায্য করেছে। ঋণ দিয়েছে। কিন্তু সেখানকার নতুন পরিবর্তিত সরকার মনে হচ্ছে ভারতবিরোধী। জবাবে পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর বলেন, 'দিনশেষে প্রতিটি প্রতিবেশীই তার নিজস্ব গতিতে নিজস্ব চিন্তাধারায় চলবে। আমরা তাদের বলব না যে তোমাদের প্রবাহ আমাদের পছন্দ অনুযায়ী হোক। তেমন বলা আমাদের ইচ্ছাও নয়। আজকের দুনিয়ায় এটাই সত্য। প্রতিটি দেশই নিজের পছন্দ অনুযায়ী নীতি ঠিক করে। অন্যদের সেই মতো বোঝাপড়া করতে হয়। সেইভাবে এগোতে হয়।'

এসময় তিনি বাংলাদেশের প্রসঙ্গ তুলে বলেন, 'অন্যদের থেকে বাংলাদেশের বিষয়টি একটু আলাদা। এক দশক ধরে আমরা ওই দেশে বহু প্রকল্প হাতে নিয়েছি। সেসব প্রকল্প দুই দেশের পক্ষেই মঙ্গলজনক ও ফলদায়ী। তাতে অর্থনীতি চাঙা হয়েছে। অবকাঠামোরও উন্নতি হয়েছে। ভারতের পররাষ্ট্রমন্ত্রী বলেন, প্রতিটি দেশের নিজের একটা গতি থাকে। পছন্দ থাকে, প্রয়োজন থাকে। নিজস্ব 'ডায়নামিকস' থাকে। কূটনীতিতে তা বুঝতে ও শিখতে হয় এবং সেই মতো সাড়া দিতে হয়।

তিনি বলেন, 'আমার দৃঢ় বিশ্বাস, দিনের শেষে পারস্পরিক নির্ভরতা, একে অন্যের সঙ্গে হাত ধরাধরি করে থাকা, পারস্পরিক উপকারের বাস্তবিকতা আমরা প্রতিবেশীরা সবাই উপলব্ধি করতে পারব। এতেই সবার স্বার্থ নিহিত। বাস্তবিকতাই সম্পর্কের গতি প্রকৃতি ঠিক করে দেয়। ইতিহাসের শিক্ষা তেমনই।'

জয়শঙ্কর আরো বলেন, 'কয়েক বছর অন্তর আমাদের এই অঞ্চলে কিছু না কিছু ঘটে থাকে। তখন মনে হয় যা-ই ঘটছে, তা অলঙ্ঘনীয়। অথচ দেখা যায়, পরিবর্তন এলো। শোধরানোর পালা শুরু হলো। নতুন কিছু ঘটল। এই আলোতেই আমি বর্তমান ঘটনাবলি দেখি। আমি দৃঢ় নিশ্চিত, দুই ক্ষেত্রেই (বাংলাদেশ ও শ্রীলংকা) আমাদের সম্পর্ক এগিয়ে যাবে ইতিবাচক ও গঠনমূলকভাবে।'

শ্রীলংকার প্রসঙ্গে তিনি বলেন, দেশটিতে তীব্র অর্থনৈতিক সংকটের সময় কেউ যখন এগোয়নি, তখন ভারত এগিয়ে গিয়েছিল।তাদের অর্থনীতি স্থিতিশীল করতে সাড়ে ৪ বিলিয়ন ডলার সাহায্য করেছিল ভারত। বাকিটা তাদের ওপর। তিনি বলেন, 'আমরা কিন্তু তাদের ওপর কোনো রাজনৈতিক শর্ত চাপাইনি। সুপ্রতিবেশী হিসেবে করেছিলাম। আমরা চাইনি আমাদের কোনো প্রতিবেশী দেশের অর্থনীতি ধ্বংস হয়ে যাক।

# সিনেমার খবর

## বিচ্ছেদের জল্পনার মধ্যেই নতুন পদক্ষেপ অভিষেকের!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গত কয়েক দিন ধরেই জল্পনা, ঐশ্বরিয়া রাই বচ্চন ও অভিষেক বচ্চনের দাম্পত্যে চিড় ধরেছে। বিশেষ করে আম্বানীদের বিয়ের আসরে এই তারকা দম্পতি একসঙ্গে প্রবেশ না করায় এই জল্পনা আরো ঘনীভূত হয়। তবে এই বিচ্ছেদের জল্পনার মধ্যেই বড় পদক্ষেপ নিলেন অভিষেক। জীবনের এক নতুন অধ্যায় শুরু করতে চলেছেন তিনি। আর জলসায় নয়। ঠিকানা বদল করছেন অভিষেক।

মুম্বাইয়ের জুহুতে বিলাসবহুল এলাকায় ফ্ল্যাট কিনেছেন অভিষেক। জানা যাচ্ছে, জলসার কাছাকাছিই একটি বাড়ি কিনেছেন তিনি। অভিষেকের এই নতুন বাড়ি থেকে দেখা যায় সমুদ্রের ঢেউ। প্রশ্ন উঠছে, কেন বিচ্ছেদের জল্পনার মধ্যে নতুন বাড়ি কিনলেন অভিষেক? তিনি কি ঐশ্বরিয়া ও মেয়ে আরাধ্যাকে নিয়ে এই বাড়িতেই নতুন করে সংসার গোছাতে চলেছেন?

অনন্ত আম্বানী ও রাধিকা মার্চেন্টের বিয়ের আসরে একসঙ্গে প্রবেশ না করলেও পরে স্ত্রী ও মেয়ের সঙ্গে বসে থাকতে দেখা গিয়েছিল অভিষেককে। কিছু দিন আগেই দুবাইয়ে গিয়ে স্ত্রী ও কন্যার সঙ্গে সময় কাটিয়ে এসেছেন অভিনেতা। তার পর থেকেই জল্পনা, তা হলে কি সম্পর্কে দূরত্ব মেটানোর চেষ্টা করছেন অভিষেক? তাই কি নতুন বাসায় স্ত্রী কন্যার সঙ্গে ঘর বাঁধতে চলেছেন তিনি? তবে এই নিয়ে কোনো মন্তব্য করেননি তারকা দম্পতি। অভিষেক এই নতুন ফ্ল্যাট কিনেছেন ৫৭ তলায়। এই ফ্ল্যাট আয়তনে ৪৮৯৪ বর্গফুট। এর জন্য ১৫.৪২ কোটি টাকা খরচ করেছেন তিনি। বচ্চন পরিবারের সম্পত্তিতে রয়েছে আরো বেশ কয়েকটি বাড়ি।

উল্লেখ্য, ২০০৭ সালের এপ্রিলে বিয়ে করেন অভিষেক-ঐশ্বরিয়া। ২০১১ সালে তাদের জীবনে আসে কন্যাসন্তান আরাধ্যা।

## এবার সালমান খানের বাবাকে 'হুমকি'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নিয়ম মাফিক প্রাতর্ভ্রমণে বেরিয়েছিলেন সালমান খানের বাবা সেলিম খান। সকালবেলা সমুদ্রসৈকতে হাঁটা তার দীর্ঘদিনের অভ্যাস। কিন্তু, বুধবার যা ঘটল, তেমন অভিজ্ঞতা এর আগে কখনও হয়নি তার।

অভিযোগ, বর্ষীয়ান চিত্রনাট্যকারকে সরাসরি হুমকি দেওয়া হয় বান্দ্রার সমুদ্রতটে। এর আগে বহু বার হামলা হয়েছে বলিউড অভিনেতা সালমান খানের বাড়িতে। মূলত নায়কের প্রাণনাশের উদ্দেশেই বার বার হামলা হয় খান পরিবারের উপর। এবার সালমানের নাগাল না পেয়ে তার বাবাকেই হুমকি দেওয়া হল বলে অভিযোগ।

প্রতিদিন সকালে ৮.৪৫ মিনিট নাগাদ সমুদ্রের পাড়ে হাঁটতে যান সেলিম খান। এ দিন, বাড়ি থেকে বেরিয়ে সমুদ্রের দিকে এগোতেই কার্টার রোডে মোটরবাইকে চেপে এক নারী ও এক পুরুষ হাজির হন। জানা গিয়েছে, ওই নারীর পরনে ছিল বোরখা। যার ফলে মুখ বুঝতে পারেননি সেলিম। অভিযোগ, ওই নারী সেলিমের একেবারে পাশে গিয়ে বলেন, 'একদম ভদ্র ভাবে চলাফেরা করুন। নয়তো বিষ্ণোইয়ের কাছে খবর দিয়ে দেব।' কিছু বুঝে ওঠার আগেই চম্পট দেয় মোটরবাইক।

পরে খান পরিবারের তরফে বান্দ্রা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। তবে পুলিশ সূত্রের দাবি করা হয়েছে, ঘটনাটি তেমন গুরুতর না-ও হতে পারে। কেউ মজা করার জন্যও করে থাকতে পারে। তবে এতে আশ্বস্ত হতে পারছেন না সালমানের পরিবারের সদস্যরা।

চলতি বছর ১৪ এপ্রিল সালমান খানের গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে গুলিবর্ষণের ঘটনা ঘটে। এই ঘটনায় যুক্ত ছিল ৬ বন্দুকবাজ। জানা গিয়েছে, গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই সালমানকে হত্যার ছক কষে প্রায় ২০ লক্ষ টাকা দিয়ে ওই ছয়জনকে নিযুক্ত করেছিল।

তবে এই প্রথম নয়, গত বছর থেকে ধারাবাহিক ভাবে সালমানকে খুনের হুমকি দিচ্ছে লরেন্স বিষ্ণোই। এর আগে, সালমান খানের বান্দ্রার ফ্ল্যাটে গুলি চালিয়ে অভিনেতার বাড়ির দেওয়ালে ফুটো করে দেয় তারা। শুরু হয় তদন্ত, বাড়িয়ে দেওয়া সলমনের নিরাপত্তা। ওই ঘটনার পর থেকে কড়া নিরাপত্তা বলয়ের মধ্যেই চলা ফেরা করছেন সলমন। যদিও এই মুহূর্তে মুম্বাইয়ে নিয়ে তিনি। শহর ছাড়তেই এ বার অভিনেতার বাবাকে ফের হুমকি।

## মন ভাঙলে যা করেন অনন্যা




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** পেশা ও ব্যক্তিগত জীবনের জন্য প্রায় চর্চায় থাকেন বলিউড অভিনেত্রী অনন্যা পাণ্ডে। বারবার খবরের শিরোনামে জায়গা করে নিয়েছে অনন্যার সম্পর্ক। কখনো কার্তিক আরিয়ানের সঙ্গে সম্পর্কের গুঞ্জন, কখনো বা আদিত্য রায় কাপুরের সঙ্গে। এরপর যথাক্রমে এসেছিল? তাদের সঙ্গে বিচ্ছেদের খবরও। অনন্ত আম্বানির বিয়েতে হার্দিক পান্ডিয়ার নাম ঘিরেও চর্চা শুরু হয়েছিল তাকে নিয়ে। এর মাঝেই নাকি নতুন বসন্ত এসেছে অনন্যার জীবন। নতুন করে প্রেমে পড়েছেন অভিনেত্রী!

পেশায় প্রাক্তন মডেল ওয়াকার ব্ল্যাঙ্কোকে নাকি মন দিয়েছেন অনন্যা। এক সাক্ষাৎকারে অভিনেত্রীকে প্রশ্ন করা হয়েছিল, মন ভাঙলে তিনি কী করেন? সেই সাক্ষাৎকারে অনন্যা জানিয়েছিলেন, মন ভাঙলে তিনি কয়েকটি বাঁধাধরা গান শোনেন। অনন্যা বলেছিলেন, মন ভাঙলে আইসক্রিম খাই, অরিজিৎ সিংহের গান শুনি এবং কুছ কুছ হোতা হ্যায় দেখি।'

আদিত্যের জনপ্রিয় ছবি 'আশিকি ২'-এর একটি গান অনন্যার উল্লিখিত গানগুলোর মধ্যে অন্যতম। অভিনেত্রীর কথায়, 'মন ভাঙার পরে সবচেয়ে বেশি শুনি 'কিঁউকি তুমহি হো'। মনে হয়, সবাই জীবনে হৃদয় ভাঙলে এই গানটা শুনেছে। জুলাই মাসে অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়ের প্রতিটি অনুষ্ঠানেই হাজির ছিলেন অনন্যা। সেই বিয়ের আসর থেকেই নাকি ওয়াকারের সঙ্গে অনন্যার প্রেম।

অনন্ত-রাধিকার প্রাক-বিবাহ ক্রুজ পার্টিতেই নাকি প্রথম দেখা দু'জনের। ওয়াকার জামনগরেই থাকেন। আম্বানিদের 'ভন্তারা অ্যানিম্যাল পার্ক'-এ কর্মরত তিনি।



## 'ধুম ৪'-এ খলনায়ক সুরিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'ধুম' ফ্র্যাঞ্চাইজি নিয়ে দর্শকের আগ্রহের শেষ নেই। জনপ্রিয় এই হিন্দি অ্যাকশন থ্রিলার সিনেমা আগের তিন কিস্তি বেশ আলোচিত হয়েছে। এবার জানা গেল 'ধুম'-এর চতুর্থ পর্ব নির্মাণের প্রস্তুতি চলছে। 'ধুম' ফ্র্যাঞ্চাইজিতে নায়ক নন, বরং দর্শকের আগ্রহের কেন্দ্রে থাকেন খলনায়ক। জানা গেছে, 'ধুম' ফ্র্যাঞ্চাইজিতে যোগ দিতে চলেছেন দক্ষিণী তারকা সুরিয়া।

বেশ কয়েক মাস ধরেই নাকি প্রযোজক আদিত্য চোপড়ার সঙ্গে এই ছবি নিয়ে কথা চলছে দক্ষিণী তারকার। নায়কের পক্ষ থেকে সবুজ সংকেতও আছে। যে কোনো সময় আসতে পারে আনুষ্ঠানিক ঘোষণা। ২০০৪ সালে মুক্তি পাওয়া এই সিনেমা এতটাই জনপ্রিয়তা পায় যে, এরপর আরো দুটি 'ধুম ২' আর 'ধুম ৩' তৈরি করে যশরাজ ফিল্মস। এই সিরিজের ছবির খলনায়কই গল্পের আসল নায়ক।

সিরিজের প্রথম গল্পে জন আব্রাহাম, 'ধুম ২-এ হৃত্বিক রোশন এবং 'ধুম ৩'-এ আমির খানই ছিলেন ছবির মূল আকর্ষণ। 'ধুম ৪'-এর গল্প ও চিত্রনাট্য নিয়ে লেগে পড়েছেন অয়ন মুখোপাধ্যায়, শ্রীধর রাঘবন, বিজয় কৃষ্ণ আচার্য এবং আদিত্য চোপড়া। যদিও যশরাজ প্রযোজনা সংস্থা এই বিষয়ে মুখ খুলতে চায়নি। সুরিয়া যদি 'ধুম ৪'-এ অভিনয় করতে রাজি হয়, তাহলে এটি তার ক্যারিয়ারে দ্বিতীয় হিন্দি ছবি হতে চলেছে।

কারণ ইতোমধ্যেই পরিচালক রাকেশ ওমপ্রকাশ মেহরার আগামী হিন্দি ছবিতে মুখ্যভূমিকায় শুটিং সেরে ফেলেছেন তিনি। অক্ষয়ের 'সরফিরা' ছবিতেও অতিথি শিল্পী হিসেবে দেখা গিয়েছিল তাকে। উল্লেখ্য, এর আগে শোনা গিয়েছিল এই ছবিতে থাকবেন সালমান খান। এবং তার সঙ্গে থাকবেন রণবীর সিংহ। বিজয় কৃষ্ণ আচার্য ছবিটির পরিচালনা করবেন বলেও জানা যায়।

## ডেটিং অ্যাপে প্রোফাইল খুলেছেন হৃতিক?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুরাগীদের মাঝে আলোচনা-সমালোচনা হচ্ছে যে, বলিউড তারকা হৃতিক রোশন নাকি গোপনে ডেটিং সাইটে ঘোরাফেরা করছেন। শুধুই কি তাই? ডেটিং অ্যাপে নাকি বেশ কিছু ছবি আপলোড করে 'সঙ্গী' খুঁজছেন।

সম্প্রতি বলিপাড়ার নিন্দুকদের নজরে এসেছে এমনই এক কাণ্ড। এক নির্দিষ্ট ডেটিং অ্যাপ খোলা মাত্রই চোখে পড়েছে হৃতিকের প্রোফাইল। কোনও বিজ্ঞাপনী প্রচারণা নয় বরং সত্যি সঙ্গী খুঁজছেন হৃতিক।

তবে অনেকের একটু সন্দেহ প্রকাশও করেছেন। অনেকের মতে, কেউ হয়ত হৃতিকের ছবি ব্যবহার করেছেন। তবে রাকেশ রোশনপুত্রর ঘনিষ্ঠদের মতে, বেশ কয়েক মাস ধরেই নাকি সাবার সঙ্গে সম্পর্কে ভাটা পড়েছে তবে এ ব্যাপারে কিন্তু এখনও কোনও মন্তব্য করেননি হৃতিক।

তবে শুধু হৃতিক নয়। আরও দুই অভিনেতার প্রোফাইলও দেখা গেছে। একজন হলেন মালাইকা অরোরার প্রাক্তন অর্জুন কাপুর। অন্যদিকে, অনন্যা পাণ্ডের প্রাক্তন আদিত্য রায় কাপুর তবে কেউই এই বিষয়টি নিয়ে কথা বলেননি।

## ক্রোয়েশিয়াকে
# উড়িয়ে দিলো ব্রাজিল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ক্রোয়েশিয়ার কাছে ব্রাজিলের হার খুব বেশিদিন আগের কথা নয়। কাতারে ২০২২ বিশ্বকাপেই ক্রোয়েশিয়ার কাছে পেনাল্টিতে মন ভেঙেছিল ব্রাজিলের। বছর দুয়েক পর ফুটবলেরই আরেক ভিন্ন সংস্করণে ক্রোয়েটদের সঙ্গে দেখা হলো ব্রাজিলের। আর তাতে বেশ সহজ এক জয় তুলে নিয়েছে সেলেসাওরা। উজবেকিস্তানে ফিফা ফুটসাল বিশ্বকাপে কোচ মার্কিনিওস জেভিয়ারের ১০০তম ম্যাচের দিনে ক্রোয়েশিয়াকে ৮-১ গোলে বিধ্বস্ত করেছে ব্রাজিলের ছেলেরা। দেশটির ফুটসালের সময়ের সেরা তারকা পিটো এই ম্যাচে নিজের জাত চিনিয়েছেন নতুন করে। পিটোর গোলেই ১৩ মিনিটে লিড ব্রাজিলের। মারিনোভিচ ক্রোয়েটদের হয়ে শোধ করেন ১ গোল। সেখানেই ক্রোয়েশিয়ার জন্য ম্যাচ শেষ। ম্যাচের বাকি সময়ে দাপট দেখিয়েছে ব্রাজিল। পিটো পরবর্তীতে যোগ করেন আরো এক গোল। মার্সেলের পা থেকে এসেছে জোড়া গোল। নেগিনহো, আর্থার, রাফা ও ডিয়েগো বাড়িয়েছেন স্কোরলাইন। দুই ম্যাচে দুই জয় আর ১৮ গোল নিয়ে ব্রাজিল নিজেদের নিয়ে গিয়েছে টুর্নামেন্টের শেষ ১৬-তে। মার্সেল এখন আছেন টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতার আসনে। ফুটসালের সর্বোচ্চ সাফল্যধারী ব্রাজিল উজবেকিস্তানেও পার করছে দারুণ সুসময়। গ্রুপ পর্বে ব্রাজিলের শেষ খেলা আগামী ২০ সেপ্টেম্বর থাইল্যান্ডের বিপক্ষে। এই গ্রুপের অন্য ম্যাচে থাইল্যান্ড ১০-৫ গোলে হারিয়েছে কিউবাকে। একইদিনে অন্য ম্যাচগুলোর ফলাফলে কোয়ার্টার নিশ্চিত করেছে প্যারাগুয়ে এবং থাইল্যান্ড।

## ব্যালন দ'র জিততে পারেন
# মার্তিনেস: গুয়ার্দিওলা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আর্জেন্টিনার তারকা স্ট্রাইকার লাউতারো মার্তিনেসের এবারের ব্যলন দ'র জেতার ভালো সম্ভাবনা দেখেন ম্যানচেস্টার সিটির স্প্যানিশ কোচ পেপ গুয়ার্দিওলা।

ইতালিয়ান পত্রিকা তুত্তোস্পোর্টতকে দেওয়া এক সাক্ষাৎকারে সম্প্রতি এমন মন্তব্য করেন ফুটবল ক্লাব বার্সেলোনার সাবেক এই কোচ।

তিনি বলেন, "লাউতারো মার্তিনেস এবার ব্যালন দ'র জিততে পারেন। সে অসাধারণ এক স্ট্রাইকার। সে ইন্টার মিলানের অধিনায়ক এবং খেলে আর্জেন্টিনার হয়ে যে দলটি বিশ্ব চ্যাম্পিয়ন। এমন জিনিসগুলো করার জন্য আপনাকে স্পেশাল খেলোয়াড় হতে হবে।"

মাসের শুরুতে ব্যালন দ্বরের জন্য ৩০ জনের তালিকা প্রকাশ করেন ফরাসি সাময়িকী ফ্রান্স ফুটবল। আর্জেন্টিনা দল থেকে এবার এই তালিকায় আছেন গোলরক্ষক এমিলিয়ানো মার্তিনেস ও লাউতারো। জাতীয় দলে সফলতার পাশাপাশি ক্লাব ফুটবলেও দুজনে ছিলেন উজ্জ্বল। ইতালিয়ান সেরি আ জেতা ইন্টার মিলানের মূল কারিগর লাউতারো। টুর্নামেন্টে সর্বোচ্চ গোল স্কোরার হিসেবে জেতেন লিগের সেরা খেলোয়াড়ের খেতাবও।

গত জুলাইয়ে আর্জেন্টিনার কোপা আমেরিকা জয়েও রাখেন গুরুত্বপূর্ণ অবদান। টুর্নামেন্টের সর্বোচ্চ গোল স্কোরার ছিলেন তিনি।

পুরস্কারটি রেকর্ড আটবার জিতেছেন মেসি। দ্বিতীয় সর্বোচ্চ পাঁচবার জিতেছেন রোনালদো। ২০০৮ থেকে ২০১৭ সাল পর্যন্ত এই দুজনের বাইরে কেউ পুরস্কারটি জিততে পারেননি। গত বছর পুরস্কারটি ওঠে মেসির হাতে।

## ইয়ামালের মাইলফলকের রাতে
# হারের তেতো স্বাদ বার্সার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** লা লিগায় টানা পাঁচ ম্যাচ জেতার আত্মবিশ্বাস নিয়ে চ্যাম্পিয়নস লিগ খেলতে এসেছিল বার্সেলোনা।তবে লীগের ফর্ম টেনে আনতে পারলন হ্যান্সি ফ্লিক। বড মঞ্চে শুরুতেই ধাক্কা খেল কাতালানরা।

চ্যাম্পিয়নস লীগে দ্বিতীয় লুইস স্টেডিয়ামে বার্সার বিপক্ষে ২-১ গোলে জিতেছে মোনাকো।দ্বিতীয় লুইস স্টেডিয়ামে তাদেরর বিপক্ষে ২-১ গোলে জিতেছে মোনাকো।

চলতি মৌসুমে বার্সেলোনার প্রথম হার এটি। লা লিগায় প্রথম পাঁচ ম্যাচে জয়ের পর এলো এই হার।

চ্যাম্পিয়ন্স লিগে বার্সেলোনার বিপক্ষে তিন ম্যাচে মোনাকোর প্রথম জয় এটিই। এর আগে ১৯৯৩-৯৪ মৌসুমে গ্রুপ পর্বের দুই দেখায় বার্সেলোনা জিতেছিল যথাক্রমে ২-০ ও ১-০ গোলে।

এ ম্যাচে অবশ্য শুরুতেই বার্সারকে চাপে ফেলে দেয় এরিক গার্সিয়ার লাল কার্ড। এরপর গোলও খেয়ে ফেলে তারা। পরে রেকর্ড গড়ে যা শোধ করেন লামিনে ইয়ামাল। তাতেও অবশ্য শেষ রক্ষা হয়নি। দ্বিতীয়ার্ধে করা গোলেই জয় পায় মোনাকো। চ্যাম্পিয়নস লিগের শুরুতেই এমন হারে খানিকটা যেন চাপেই পড়ে গেল বার্সা।

মোনাকোর মাঠে শুরু থেকে বলের দখল রেখে আক্রমণে মনোযোগ দেয় বার্সেলোনা। এ সময় মাঝমাঠের নিয়ন্ত্রণ রাখাই ছিল কাতালান ক্লাবটির মূল লক্ষ্য। তবে বার্সা বড় ধাক্কা খায় ম্যাচের ১০ মিনিটে। বক্সের বাইরে বিপজ্জনকভাবে মোনাকোর তাকুমি মিনামিনোকে ফাউল করায় সরাসরি লাল কার্ড দেখে মাঠ ছাড়েন বার্সা ডিফেন্ডার এরিক গার্সিয়া। ১০ জনের বার্সাকে পেয়েছে মুহূর্তের মধ্যে পাশার দান উল্টে দেয় মোনাকো একের পর এক আক্রমণে চাপে ফেলে দেয় বার্সাকে।

একজন কম নিয়ে খেলার মাশুল বার্সা দেয় ছয় মিনিট পরই। ভ্যান্ডারসনের কাছ থেকে বল পেয়ে বক্সে ঢুকে বার্সার চার খেলোয়াড়ের চ্যালেঞ্জ সামলে বাঁ পায়ে জাল কাঁপান মাঘনেস আকলিউচে।

আধঘণ্টা না হতেই বার্সা সমতা ফেরায়। মার্ক কাসাদোর পাসে বক্সের ঠিক বাইরে থেকে বাঁ পায়ের শটে জাল খুঁজে পান লামিনে ইয়ামাল। স্প্যানিশ তারকা ২৮তম মিনিটে করেন প্রথম চ্যাম্পিয়নস লিগ গোল।

২৭তম মিনিটে ব্রিল এমবোলোর শট ঠেকিয়ে ব্যবধান বাড়তে দেননি টের স্টেগেন। পরের মিনিটেই ইয়ামালের চমৎকার গোলে সমতায় ফেরে সফরকারীরা।

আধঘণ্টা না হতেই বার্সা সমতা ফেরায়। মার্ক কাসাদোর পাসে বক্সের ঠিক বাইরে থেকে বাঁ পায়ের শটে জাল খুঁজে পান লামিনে ইয়ামাল। স্প্যানিশ তারকা ২৮তম মিনিটে করেন প্রথম চ্যাম্পিয়নস লিগ গোল।

এটি ছিল চ্যাম্পিয়নস লিগে ইয়ামালের প্রথম গোল। যা তাঁকে চ্যাম্পিয়নস লিগের দ্বিতীয় কনিষ্ঠ গোলদাতার খেতাবও এনে দিয়েছে। ইয়ামাল করেছেন ১৭ বছর ৬৮ দিনে। শীর্ষে থাকা সাবেক বার্সা থাকা আনসু ফাতি গোল করছিলেন ১৭ বছর ৪০ দিনে।

বিরতি থেকে ফিরে মুহুর্মুহু আক্রমণ করে মোনাকো। ফরাসি ক্লাব তার পুরস্কার পেয়ে যায় ৭১ মিনিটে। ফাস্ট ব্রেক থেকে ভ্যান্ডারসের বাতাসে ভাসানো বল নিয়ন্ত্রণে নেওয়ার পর বক্সে ঢুকে টের স্টেগেনকে একা পান জর্জ ইলেনিকেনা। তার শট বার্সা কিপারের হাতে লাগলেও জালে জড়ায়।

বাকি সময়ে আর বার্সা গোল শোধ দিতে পারেনি। তাতে হার দিয়ে ইউরোপের শীর্ষ ক্লাব প্রতিযোগিতা শুরু করতে হলো হ্যান্সি ফ্লিকের দলকে।

লা লিগায় টানা পাঁচ ম্যাচে জিতে শীর্ষে থাকা বার্সেলোনা চলতি মৌসুমে প্রথমবার হারের মুখ দেখলো।

## আর্সেনালের স্বস্তির ড্র,অ্যাটলেটিকোর দারুণ জয়



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এক ভুলে হার প্রায় চোখ রাঙাতেই বসেছিল আর্সেনালকে।দ্বিতীয়ার্ধের ষষ্ঠ মিনিট খেলা টমাস পার্টিকে কাটিয়ে বক্সের বাঁ দিক দিয়ে বল পায়ে ভেতরে ঢুকে পড়েন ব্রাজিলিয়ান মিডফিল্ডার এদেরসন। তাকে পেছন থেকে আর্সেনালের পার্টি ফেলে দিলে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। স্পট কিক নিতে আসেন মাতেও রেতেগি। প্রথমে ডান দিকে ঝাঁপিয়ে ফেরালেও বিপদমুক্ত হয়নি, ফিরতি বলে ফের শট নেন রেতেগি, অসাধারণ ক্ষিপ্রতায় এবার বাঁয়ে ঝাঁপিয়ে গোললাইন থেকে ফেরান দাভিদ রায়া। গোল হজম থেকে রক্ষা পায় আর্সেনাল।শেষ পর্যন্ত মাঠ ছাড়ে হার এড়িয়ে মাঠ ছাড়ে মিকেল আর্তেতার দল।

চ্যাম্পিয়নস লীগে নিজেদের প্রথম ম্যাচে সাদামাটা ফুটবলে আতালান্তার মাঠে ম্যাচটি গোলশূন্য ড্র করে গানার্সরা।

প্রতিপক্ষের মাঠে ম্যাচের শুরু থেকে আক্রমণে যায় আর্সেনাল। ৬ মিনিটের মধ্যে অন্তত দুবার আক্রমণে শানায় তারা। যদিও আক্রমণগুলো গোলের জন্য যথেষ্ট ছিল না। শুরুতে আর্সেনাল দাপুটে ফুটবল খেললেও আতালান্তাও একেবারে পিছিয়ে ছিল না।

আক্রমণাত্মক ফুটবলে প্রথম আধা ঘণ্টায় একচেটিয়া চাপ ধরে রাখে অধিনায়ক মার্টিন ওডেগোরকে ছাড়া খেলতে নামা আর্সেনাল। যদিও এই সময়ে আর কোনো পরিষ্কার সুযোগ তৈরি করতে পারেনি তারা। এরপর পজেশন ধরে রেখে খেলায় মনোযোগী হয় আতালান্তা। কিন্তু, বিরতির আগে দুই গোলরক্ষকের কেউই পরীক্ষা নিতে পারেনি।

ম্যাচের শেষ পর্যন্ত দুদল জালের দেখা পেতে ব্যর্থ হলে গোলশূন্য ড্রয়ে শেষ হয় ম্যাচ। প্রতিপক্ষের মাঠ থেকে গুরুত্বপূর্ণ ১ পয়েন্ট আদায় করে নেয় গানাররা।

অন্য দিকে শুরুতে পিছিয়ে পড়েও আরবি লাইপজিগের বিপক্ষে রুদ্ধশ্বাস এক জয় পেয়েছে আতলেতিকো মাদ্রিদ। এদিন ম্যাচের ৪ মিনিটেই বেনিয়ামি সেসসকোর গোলে এগিয়ে যায়। ২৮ মিনিটে আতোয়াঁন গ্রিজমানের গোলে সমতায় ফের আতলেতিকো। এরপর ম্যাচ যখন সমতায় শেষ হওয়ার অপেক্ষায়, তখন জোসে মারিয়া হিমেনেজের গোলে জয় নিয়ে মাঠ ছাড়ে আতলেতিকো।

এর আগে আরেক ম্যাচে ফেইনুর্দকে উড়িয়ে দিয়েছে বায়ার লেভারকুসেন। তাদের জয় ৪-০ গোলে। জার্মান চ্যাম্পিয়নের দারুণ ফুটবলের সামনে সুবিধা করে উঠতে পারেনি ফেইনুর্দ। বড় ব্যবধানের হার নিয়েই ছাড়তে হয়েছে মাঠ।

## সৌদি আরবে হতে পারে
# আইপিএলের নিলাম!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) এবারের আসরের মেগা নিলাম হতে পারে চলতি বছরের নভেম্বরে।

তবে আনুষ্ঠানিকভাবে এখনও চূড়ান্ত দিনক্ষণ ঘোষণা করেনি আয়োজকরা। তাছাড়া এই নিলামের আগে বেশ কয়েকটি নিয়মেও পরিবর্তন আনার ব্যাপারে আলোচনা করেছিল লিগ কতৃপক্ষ।

দলগুলো কতজন ক্রিকেটার রিটেইন করতে পারবে তা নিয়েও স্পষ্ট কিছু জানায়নি আইপিএল কতৃপক্ষ। মেগা নিলাম দিয়ে দলগুলো নিজের ঢেলে সাজানোর পরিকল্পনা করছে। আইপিএলের ড্রাফট কোথায় হবে তা নিয়েও চলছে জল্পনা কল্পনা।

গত বছর আইপিএল নিলাম আয়োজিত হয় দুবাইয়ে। এবারও দেশের বাইরেই আইপিএলের নিলাম আয়োজনের পরিকল্পনা করছে বোর্ড অব কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া (বিসিসিআই)। দোহা বা আবু ধাবির মতো শহর আছে বিবেচনার তালিকায়।

যদিও ক্রিকেট ভিত্তিক ওয়েবসাইট ক্রিকবাজ জানিয়েছে আইপিএলের নিলাম আয়োজনে আগ্রহ দেখিয়েছে সৌদি আরব। সম্প্রতি সৌদি আরব ক্রীড়াক্ষেত্রে বিপুল বিনিয়োগ শুরু করেছে। এরই অংশ হিসেবে আইপিএলের নিলামের অংশীদার হতে চায় তারা।

এদিকে, ভারতের গণমাধ্যমের দাবি অনুযায়ী সেপ্টেম্বরের শেষেই প্লেয়ার রিটেনশন নিয়ে নিজেদের সিদ্ধান্ত জানিয়ে দিতে পারে বিসিসিআই। সেক্ষেত্রে নিলামের আগে দু'মাস সময় থাকবে ফ্র্যাঞ্চাইজিগুলির হাতে। এর মধ্যেই তারা রিটেইন করা ও ছেড়ে দেয়া ক্রিকেটারদের নাম ঘোষণা করতে পারবে।


## রোমার কোচের পদ থেকে
# সরিয়ে দেয়া হলো রসিকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোনও কিছুতেই মিলছে না কাঙ্ক্ষিত জয়ের দেখা। রোমার টানা হতাশাজনক পারফরম্যান্সে ক্রমেই বাড়ছিল কোচ ড্যানিয়েল ডি রসির চাকরি হারানোর শঙ্কা। সেটাই এবার সত্যি হলো। নিজেদের সাবেক ফুটবলারকে দায়িত্ব থেকে সরিয়ে দিল ইতালিয়ান ক্লাবটি। ৪১ বছর বয়সী ড্যানিয়েল ডি রসিকে চাকরিচ্যুত করার কথা বিবৃতি দিয়ে জানায় রোমা। গত জানুয়ারিতে পর্তুগিজ কোচ জোসে মরিনিয়োকে সরিয়ে রসিকে দায়িত্ব দেয় রোমা। প্রথমে ৬ মাসের জন্য ইতালির সাবেক এই ডিফেন্সিভ মিডফিল্ডারের সঙ্গে চুক্তি করে দলটি। পরে গত জুনে রসির সঙ্গে চুক্তির মেয়াদ ২০২৭ সাল পর্যন্ত বাড়ায় সেরি আর ক্লাবটি। কিন্তু মৌসুম শুরুর পর কোচের ওপর আস্থা কমতে শুরু করে তাদের।

এখন পর্যন্ত সেরি আয় ৪ ম্যাচ খেলে একটিও জয়ের দেখা পায়নি রোমা। ২০ দলের প্রতিযোগিতায় ৩ ড্রয়ে ৩ পয়েন্ট নিয়ে টেবিলে ১৬ নম্বরে আছে ক্লাবটি। দলের এমন নেতিবাচক পারফরম্যান্সের দায়ে ড্যানিয়েল ডি রসিকে সরিয়ে দিল তারা। এখন নতুন কোচের খোঁজে আছে দলটি।

## মেসিদের হতাশার ড্র



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দীর্ঘ ইনজুরি কাটিয়ে মাঠে ফিরেই আগের ম্যাচে দলের জয়ে বড় ভুমিকা রেখেছে আর্জেন্টাইন তারকা লিওনেল মেসি। এবার আটালান্টা ইউনাইটেডের বিপক্ষে শুরুর একাদশে ছিলেন না এই ক্ষুদে ফুটবল যাদুকর। প্রায় ৬৮ হাজার দর্শকের অপেক্ষার প্রহর শেষে ৬১ মিনিটে মাঠে নামলেন আর্জেন্টাইন জাদুকর। তবে জাদু তেমন একটা তিনি দেখাতে পারলেন না এ দিন। তার দলও শেষ পর্যন্ত পারল না ম্যাচ জিততে। মেজর লিগ সকারের ম্যাচে বাংলাদেশ সময় বৃহস্পতিবার সকালে আটলান্টা ইউনাইটেডের সঙ্গে ২-২ গোলে ড্র করে মেসির ইন্টার মিয়ামি। চোট কাটিয়ে আগের ম্যাচে ফিরেই দুই গোল করা মেসিকে এই ম্যাচে শুরুর একাদশে রাখেননি মায়ামি কোচ। এক সপ্তাহের মধ্যে তিনটি ম্যাচ খেলতে হবে দলকে, এজন্যই কোচের এই সতর্কতা। মেসির দুই বার্সেলোনা সতীর্থ লুইস সুয়ারেজ ও জর্ডি আলবাকেও দ্বিতীয়ার্ধে মাঠে নামান কোচ। চোটের কারণে খেলতে পারেননি আরেক তারকা সার্জিও বুসকেটস। তাদেরকে ছাড়াই আটলান্টার মাঠে প্রথমার্ধে এগিয়ে ছিল মায়ামি। ২৯ মিনিটে দলের হয়ে প্রথম গোলটি করেন হন্ডুরাসের মিডফিল্ডার দাভিদ রুইস। দ্বিতীয়ার্ধের একাদশ মিনিটে জর্জিয়ান উইঙ্গার সাবা লবজানিদজের গোলে সমতায় ফেরে আটলান্টা। তিন মিনিট পরই লিওনার্দো কাম্পানার গোল আবার এগিয়ে দেয় মিয়ামিকে। এর পরপরই মাঠে নামে মেসি। প্রতিপক্ষ দলের হলেও তুমুল উল্লাসে তাকে স্বাগত জানান আটলান্টার মাঠের দর্শকেরা। গত বছর মেসিকে দেখতেই ৭১ হাজারের বেশি দর্শক ছিল গ্যালারিতে। কিন্তু সেদিন তাদের আশা পূরণ হয়নি বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন অধিনায়ক ম্যাচটিতে না খেলায়। এবার অন্তত পুরোপুরি হতাশা নিয়ে ফিরতে হয়নি এই দর্শকদের। মেসি মাঠে নামার একটু পরই তার একটি শট ঠেকিয়ে দেন আটলান্টা গোলকিপার। সুয়ারেজ নামার পরপর গোল প্রায় করেই ফেলেছিলেন। তবে এবারও কোনোরকেম বাঁচিয়ে দেন আটলান্টার কিপার। দ্বিতীয়ার্ধে আটলান্টাও আক্রমণ করে বেশ কটি। দিন দফায় মায়ামিকে রক্ষা করেন গোলকিপার ড্রেক ক্যালেন্ডার। তবে শেষ রক্ষা হয়নি। ৮৪ মিনিটে দলকে সমতায় ফেরান আলেক্সি মিরানচুক। ইতালিয়ান ক্লাব আটালান্টা থেকে এই মৌসুমেই আটলান্টা ইউনাইটেডে আসা রুশ ফরোয়ার্ডের মেজর লিগ সকারে প্রথম গোল এটি। ৯০ মিনিট শেষে যোগ করা সময়ের সাত মিনিটেও আর গোল করতে পারেনি কোনো দল। টানা পাঁচ জয়ের পর পয়েন্ট হারায় মিয়ামি। কোপা আমেরিকায় পাওয়া চোট কাটিয়ে গত শনিবারের ম্যাচ দিয়ে মাঠে ফেরেন মেসি। সেদিন দুটি গোলও করেন তিনি ফিলাডেলফিয়া ইউনিয়নের বিপক্ষে। শনিবার আবার মেসিদের ম্যাচ নিউ ইয়র্ক সিটির বিপক্ষে। মেজর লিগ সকারের ইস্টার্ন কনফারেন্সে ২৯ ম্যাচে ৬৩ পয়েন্ট নিয়ে শীর্ষে মিয়ামি। ৫৫ পয়েন্ট নিয়ে দুইয়ে আছে সিনসিনাটি।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR